গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২৪.০২.০০৩.২০২১- ৯৩১৮

তারিখ: ১৫ কার্তিক ১৪২৮
৩১ অক্টোবর ২০২১

বিষয় : কারারক্ষী ও মহিলা কারারক্ষীদের কারারক্ষী নম্বর প্রদান ও জ্যেষ্ঠতার তালিকা তৈরী প্রসঙ্গে;

উপরিউক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ৫২ তম ব্যাচ থেকে কারারক্ষী ও মহিলা কারারক্ষীদের ব্যাচ নম্বর ও জ্যেষ্ঠতা তাদের বুনিয়াদি প্রশিক্ষণের রেজাল্ট শীটের ধারাবাহিকতায় প্রদানের নির্দেশনা রয়েছে। কিন্তু সর্বশেষ কারারক্ষী ও মহিলা কারারক্ষীদের নিয়োগে তাদের জ্যেষ্ঠতা নিয়োগের মেধাক্রম অনুযায়ী হবে মর্মে নির্দেশনা রয়েছে **(নমুনা কপি সংযুক্ত)**। বর্তমানে চলমান ৫৯ তম বুনিয়াদি প্রশিক্ষণ ব্যাচে পুরাতন ও নতুন নিয়োগপ্রাপ্ত কারারক্ষী/মহিলা কারারক্ষীগণ প্রশিক্ষণরত রয়েছে।

এমতাবস্থায়, তাদের ব্যাচ নম্বর ও জ্যেষ্ঠতা কিভাবে নির্ধারণ করা যায় সে বিষয়ে আপনাদের সুচিন্তিত মতামত আগামী ১০.১১.২০২১ তারিখের মধ্যে কারা অধিদপ্তরে ডাক/ই-মেইলযোগে **(prison_dte@yahoo.com)** প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ননামতে ০২ (দুই) কপি।

৩১/১০/২১
মোঃ আবরার হোসেন
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর।

অনুলিপি ঃ

১। শাখা প্রধান
প্রশিক্ষন শাখা
কারা অধিদপ্তর, ঢাকা।

২। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
বিজ্ঞপ্তিটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কারা অধিদপ্তর**

৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।

www.prison.gov.bd

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২৪.০৩.০০১.২০২১- ৪০২

তারিখ : ২৫ চৈত্র ১৪২৭ / ০৮ এপ্রিল ২০২১

## নিয়োগ পত্র

কারা অধিদপ্তরাধীন কারারক্ষি ও মহিলা কারারক্ষি নিয়োগ কমিটির সুপারিশক্রমে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর টাকা ৯০০০-২১৮০০/- স্কেলে (১৭ তম গ্রেড) ও সরকার কর্তৃক প্রদেয় অন্যান্য ভাতা/সুবিধাদিসহ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আপনাকে কারারক্ষি পদে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো। আগামী ০২ মে ২০২১ তারিখ আপনাকে কারা উপ-মহাপরিদর্শকের দপ্তর, ঢাকা বিভাগ, সদর দপ্তর, ঢাকায় যোগদানের নির্দেশ প্রদান করা হলো।

## শর্তাবলী

১। **এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। কাজে যোগদানের তারিখ হতে যোগদানকৃত পদে চাকুরীকাল গণ্য হবে।**

২। **চাকুরীতে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছর শিক্ষানবিশকাল হিসাবে গণনা করা হবে।** শিক্ষানবিশকালে শৃংখলা বহির্ভূত কোন কাজে জড়িয়ে পড়লে বা আচরণ ও দক্ষতা সন্তোষজনক না হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগপ্রাপ্তকে চাকরি হতে বরখাস্ত করা যাবে। শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপ্তি শেষে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে বিধি মোতাবেক চাকুরীতে স্থায়ী করা হবে।

৩। নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে ০৬ (ছয়) মাসের মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রশিক্ষণে অকৃতকার্য হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা যাবে।

৪। **সন্তোষজনক ডাক্তারী প্রত্যয়ন পত্র, সন্তোষজনক মাদকাসক্তি সংক্রান্ত পরীক্ষার (ডোপ টেস্ট) রিপোর্ট এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট পাওয়া না গেলে, স্থায়ী ঠিকানা সঠিক না হলে, বিবাহিত হলে (মুক্তিযোদ্ধার সন্তান ব্যতীত), শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও বিজ্ঞপ্তিতে উল্লিখিত বয়স প্রমাণে সঠিক পাওয়া না গেলে, মুক্তিযোদ্ধা সনদ ভূয়া প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।**

৫। কারা বিধি ১ম খন্ডের ১৬১ ধারা মোতাবেক প্রত্যেক অধঃস্তন কর্মচারি চাকুরী হতে ইস্তফা দেওয়ার ০২ মাস পূর্বে লিখিতভাবে জানাতে বাধ্য থাকবেন।

৬। সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী চাকরিতে তার/তাদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে এবং সবাই একই ব্যাচের কর্মচারী হিসাবে গণ্য হবেন।

৭। নিয়োগপ্রাপ্ত প্রার্থী কর্তৃপক্ষের নির্দেশক্রমে সারাদেশের যে কোন কারাগার/দপ্তরে চাকুরী করতে বাধ্য থাকবেন।

৮। **চাকরিতে যোগদানের সময় নিম্নোক্ত সনদপত্রের মূল কপি এবং নিয়োগপত্রসহ সকল সনদের ০৫ (পাঁচ) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে ঃ**

ক। সকল শিক্ষাগত যোগ্যতার সনদ।

খ। নাগরিকত্বের সনদ।

গ। বৈবাহিক অবস্থার সনদ।

ঘ। জাতীয় পরিচয় পত্র (জাতীয় পরিচয় পত্র না থাকলে জন্মনিবন্ধন এবং পিতা মাতার জাতীয় পরিচয়পত্র)।

ঙ। ছবি ১০ (দশ) কপি (সত্যায়িত)

চ। সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য সংক্রান্ত প্রত্যয়নপত্র।

ছ। সিভিল সার্জন কর্তৃক যাচাইকৃত মাদকাসক্তি সংক্রান্ত (ডোপ টেস্ট) রিপোর্ট।

জ। মুক্তিযোদ্ধার সনদপত্র, মুক্তি বার্তা নম্বর এবং গেজেটের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

ঝ। মুক্তিযোদ্ধার নাতি নাতনীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের সার্টিফিকেট (স্থানীয় চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)।

ঞ। এতিম, আনসার ভিডিপি ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের সনদপত্র।

৯। উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করবেন। অন্যথায় তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এই নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

১০। এই নিয়োগ যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতীত বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৮.০৪.২১

মোঃ মোমিনুর রহমান মামুন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০৪৪৪ (দপ্তর)।
ig@prison.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

তারিখঃ ০৯ পৌষ ১৪২৫ বঃ / ২৩ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ

পত্র সংখ্যা-৫৮.০৪.০০০০.০২৬.০২.০০৩.১৮-৪৫১ (৯)

**বিষয়ঃ ৫২তম ব্যাচ কারারক্ষী ও মহিলা কারারক্ষী বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স-২০১৮ খ্রিঃ এর চূড়ান্ত রেজাল্ট শীট প্রেরণ প্রসংগে।**

বরাতঃ কমান্ড্যান্ট কারা প্রশিক্ষণ কেন্দ্রের পত্র নং-৫৮.০৪.৩৩০০.০৭৯.০৩.৫২.১৮-৪১৬৪ তারিখঃ ০১-০৮-২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ৫২তম ব্যাচ কারারক্ষী ও মহিলা কারারক্ষী বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী কারারক্ষি ও মহিলা কারারক্ষিদের চূড়ান্ত রেজাল্ট শীট এতদসংগে প্রেরণ করা হলো। উক্ত রেজাল্ট শীটের ধারাবাহিকতায় কারারক্ষী নম্বর প্রদান এবং জ্যেষ্ঠতা তালিকা তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ২৩ (তেইশ) পাতা।

মোহাম্মদ আবদুল্লাহ-আল-মামুন
বিজে-০১৮০১১০০৫১৫
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে কারা মহাপরিদর্শক
ফোনঃ৫৭৩০০৪৬৬ (দপ্তর)

কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর।

**অনুলিপিঃ**

সিনিয়র জেল সুপার
কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১
কাশিমপুর, গাজীপুর।